



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dsheets.gov.bd](http://www.dsheets.gov.bd)



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১০৮.২০১৯/ ৭৭২/৬

তারিখ: ০৪/০৮/২০২১খ্রিস্টাব্দ

বিষয়: কলেজ তহবিল থেকে শিক্ষক-কর্মচারীদের বেতন, বাড়িভাড়া ও অন্যান্য ভাতা প্রদান এবং খন্দকালীন ইংরেজি/তথ্য প্রযুক্তি ও আয়ার বেতন ভাতাদি কলেজ তহবিল হতে প্রদান।

সূত্র: (ক) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাজস্থলী, রাঙামাটি পার্বত্য জেলা এর পত্র নং- ০৫.৪২.৮৪৭৮.০০৮.১৯. ০১২.২১-২৫৯; তারিখ: ০৩/০৩/২০২১খ্রি।

(খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাজস্থলী, রাঙামাটি পার্বত্য জেলা এর পত্র নং- ০৫.৪২.৮৪৭৮.০০৮.১৯. ০১২.২১-২৬০; তারিখ: ০৩/০৩/২০২১খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাজস্থলী, রাঙামাটি পার্বত্য জেলা এর সূত্রস্থ (ক) পত্র মোতাবেক রাঙামাটি পার্বত্য জেলাধীন রাজস্থলী উপজেলার বাঙালহালিয়া কলেজের ইংরেজি/তথ্য প্রযুক্তির শিক্ষক না থাকায় তৎকালীন গভর্নিৎ বড়ি কর্তৃক বেতন ভাতা নির্ধারণপূর্বক খন্দকালীন শিক্ষক ও আয়া নিয়োগ করে কলেজ তহবিল থেকে নিয়মিত বেতন ভাতা পরিশোধ করা হয়েছিল। কিন্তু বর্তমানে উক্ত কলেজটি সরকারিকরণের পর থেকে তাদের বেতন ভাতা ও অন্যান্য আর্থিক সুবিধাদি বন্ধ থাকায় উক্ত কলেজের অধ্যক্ষ জনাব মোঃ ফরিদ মিয়া তালুকদার কর্তৃক সাময়িকভাবে নিয়োগ প্রাপ্ত খন্দকালীন ইংরেজি/তথ্য প্রযুক্তি ও আয়ার বকেয়া বেতন ভাতাদি ও চলমান মাসিক বেতন কলেজ তহবিল থেকে প্রদান সংক্রান্ত আবেদন প্রয়োজনীয় কার্যার্থে উপজেলা নির্বাহী অফিসার প্রেরণ করেন।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাজস্থলী, রাঙামাটি পার্বত্য জেলা এর সূত্রস্থ (খ) পত্র মোতাবেক রাঙামাটি পার্বত্য জেলাধীন রাজস্থলী উপজেলার বাঙালহালিয়া সরকারি কলেজটি সরকারিকরণের পর থেকে শিক্ষক-কর্মচারীদের কলেজ প্রদত্ত বেতন, বাড়ি ভাড়া ও অন্যান্য আর্থিক সুবিধাদি বন্ধ থাকায় উক্ত কলেজের অধ্যক্ষ জনাব মোঃ ফরিদ মিয়া তালুকদারসহ ১৬ (ষোল) জন শিক্ষক ও কর্মচারীর যৌথ স্বাক্ষরে শিক্ষক-কর্মচারীদের বেতন, বাড়ি ভাড়া ও অন্যান্য ভাতাদির কলেজ প্রদত্ত অংশের বকেয়া ও চলমান মাসিক বেতন কলেজ তহবিল থেকে প্রদান সংক্রান্ত আবেদনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার প্রেরণ করেন।

শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং- ৩৭.০০.০০০০.০৭০.৩৮.০০১.১৭.৩৮৪; তারিখ: ০৭/১১/২০১৮খ্রি। মোতাবেক রাঙামাটি পার্বত্য জেলার রাজস্থলী উপজেলায় অবস্থিত বৃহত্তর চন্দ্রঘোনা থানাধীন ‘বাঙালহালিয়া কলেজ’ প্রধানমন্ত্রীর কার্যালয় হতে সরকারিকরণের সম্মতি পাওয়ায় উক্ত কলেজের সরকারিকরণের পরবর্তী পদক্ষেপ হিসেবে কলেজের নিয়োগ/পদোন্নতি/ইস্বার- অস্থাবর সম্পত্তি হস্তান্তর ইত্যাদির উপর নিষেধাজ্ঞা আরোপ করে। এছাড়া শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং- ৩৭.০০.০০০০.০৭০.০০২.০০৮.২০১৮-৮৮; তারিখ: ২৭/০৮/২০১৮ মোতাবেক পত্রে সরকারিকৃত কলেজের আর্থিক বিষয়সহ অন্যান্য কার্যাদি সম্পদনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত পত্রে বলা আছে, সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্মীকরণ বিধিমালা- ২০১৮ এর আলোকে ইতোমধ্যে ২৭১টি কলেজ সরকারি করা হয়েছে বিধায় সরকারিকৃত কলেজের পরিচালনা পর্যবেক্ষণ কার্যক্রম বিলুপ্ত হয়েছে। কলেজের শিক্ষক-কর্মচারীগণ আত্মীকৃত না হওয়া পর্যন্ত কলেজের আর্থিক বিষয়সহ সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম জেলা সদরে অবস্থিত কলেজসমূহের ক্ষেত্রে অধ্যক্ষ ও সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক কর্তৃক যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। উপজেলার মধ্যে অবস্থিত কলেজসমূহের ক্ষেত্রে অধ্যক্ষ ও সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।

এমতাবস্থায়, বিষয়টি নির্দেশক্রমে অবস্থিত করা হলো।

Alco/৮৬ ৩৬.৩৫.১  
(মো. আবদুল কাদের)  
সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন: ৯৫৫৬০৫৭

Email: ncollege@dsheets.gov.bd

অধ্যক্ষ  
বাঙালহালিয়া সরকারি কলেজ  
রাজস্থলী, রাঙামাটি পার্বত্য জেলা

অনুলিপি:

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম
- ২। উপজেলা নির্বাহী অফিসার, রাজস্থলী, রাঙামাটি পার্বত্য জেলা